গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
মানিকগঞ্জ
(শিক্ষা শাখা)
www.manikganj.gov.bd

স্মারক নং-০৫.৩০.৫৬০০.২০৪.২০.০৬৯.২১- ৪২

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, ঢাকা এর স্মারক নং-বস্মৃজা-২/২০২১/ চিত্রাংকন ও রচনায় অংশগ্রহণ/৭৩৬১(৬৪), তারিখ: ২৮ জানুয়ারি ২০২১ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের চিত্রপ্রতিলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আয়োজনপূর্বক প্রতিযোগিদের নির্বাচিত চিত্রাংকন ও রচনা আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২ (দুই) পাতা।

১০.০২.২১
(ঈফফাত জাহান তুলি)
সহকারী কমিশনার (শিক্ষা শাখা)
জেলা প্রশাসকের কার্যালয়
মানিকগঞ্জ
ই-মেইল: acedumanikganj@gmail.com

০১। উপজেলা নির্বাহী অফিসার
........................(সকল), মানিকগঞ্জ ।
০২। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ ।
০৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
০৪। জেলা কালচারাল অফিসার, মানিকগঞ্জ ।
০৫। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মানিকগঞ্জ ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে

০১। অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক), মানিকগঞ্জ।
০২। সিএ-টু ডিসি, মানিকগঞ্জ (জেলাপ্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। অফিস কপি।

প্রতি,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার---(সকল) । চিঠির মর্মানুযায়ী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা আগামী ১৮/০২/২০২১ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলয়নাতন সাটুরিয়া, মানিকগঞ্জে অনুষ্ঠিত হবে। চিত্রাংকন প্রতিযোগিতায় (গ ও ঘ) বিভাগ প্রতি শিক্ষা প্রতিষ্ঠান থেকে গ্রুপ ভিত্তিক ১ জন করে ~~একজন~~ শিক্ষার্থীর নাম এবং রচনা প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান থেকে গ্রুপ ভিত্তিক (গ ও ঘ)একজন এবং উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় থেকে গ্রুপ ভিত্তিক তিন জন শিক্ষার্থীর নামের তালিকা প্রেরণ পূর্বক প্রতিযোগিতায় অংশগ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৫/২/২০২১
(মো.সাইফুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সাটুরিয়া, মানিকগঞ্জ।

# জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

সূত্রঃ জাস্মৃজা- ২/২০২১/চিত্রাংকন ও রচনা/অংশগ্রহন/৭৩৬১(৬৪) তারিখঃ ২৬/০১/২০২১

বিষয় ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ রোজ বুধবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এ উপলক্ষে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের উদ্যোগে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ এর মধ্যে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে নিম্নোক্ত বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকন ও রচনা পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।

১। চিত্রাংকন প্রতিযোগিতা ঃ

চিত্রাংকন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাংকনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স | চিত্রাংকনের বিষয় |
|---|---|---|---|
| ১। | ক- বিভাগ | ৬ বছর পর্যন্ত | ইচ্ছামত |
| ২। | খ- বিভাগ | ৭ থেকে ৯ বছর পর্যন্ত | বাংলাদেশের নদী ও নৌকা |
| ৩ | গ- বিভাগ | ১০ থেকে ১৩ বছর পর্যন্ত | নদী ও শহর |
| ৪ | ঘ- বিভাগ | ১৪ থেকে ১৮ বছর পর্যন্ত | বঙ্গবন্ধু ও আগামীর বাংলাদেশ |

২। রচনা প্রতিযোগিতা ঃ

(ক) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ এর মধ্যে রচনা প্রেরণের ব্যবস্থা করার অনুরোধ করা হল। উল্লেখ্য চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য জাদুঘরে আসার কোন প্রয়োজন নেই।

(খ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভাগ ও বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স/ শ্রেণী | বিষয় | সর্বোচ্চ শব্দ |
|---|---|---|---|---|
| ১ | ক- বিভাগ | ৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণী | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে আমার ধারণা | ৮০০ হতে ১০০০ |
| ২ | খ- বিভাগ | ৮ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত | আমার অঞ্চলে মুক্তিযুদ্ধের কাহিনী | ৮০০ হতে ১০০০ |
| ৩ | গ- বিভাগ | একাদশ শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত | ৭ই মার্চ ও মুক্তিযুদ্ধ | ১০০০ হতে ১২০০ |
| ৪ | ঘ- বিভাগ | বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের | জাতির জনক বঙ্গবন্ধুর রাষ্ট্রভাবনা | ১২০০ হতে ১৫০০ |

অপর পৃষ্ঠায়-

নিয়মাবলী ঃ

১। চিত্রাঙ্কন ঃ

ক) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ পুরস্কার এবং ৫টি উত্তম পুরস্কার দেয়া হবে।

২। রচনা ঃ

ক) বাংলা অথবা ইংরেজী যেকোন একটি ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।

খ) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, ফোন নম্বর (যদি থাকে)/ মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।

গ) আগামী ১৭ মার্চ ২০২১ তারিখের মধ্যে "কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯" এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া bangabandhumuseum@gmail.com ঠিকানায় পাঠানো যাবে।

ঘ) **www.bangabandhumuseum.org.bd** এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

ঙ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের মাননীয় সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। পুরস্কার বিতরণের তারিখ পরবর্তীতে ওয়েব সাইটে জানানো হবে।

৩। আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীকে অবহিত করার নির্দেশ দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

কাজী আফরীন জাহান
(কাজী আফরীন জাহান)
সহকারী কিউরেটর
ফোন ঃ ০২-৪৮১২২৫৭০ (অ.)
মোবা ঃ ০১৫৫২-৩৮৫৫৩৫

প্রাপক ঃ
জনাব এস এম ফেরদৌস
জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট
মানিকগঞ্জ